বিজ এর ত্রৈ-মাসিক মুখপত্র

# মাঠচিত্র

১১৯

BEES NEWSLETTER

অক্টোবর ২০২৪

প্রধান পৃষ্ঠপোষকঃ
**সাইফুল ইসলাম (রবিন)**
প্রতিষ্ঠাতা ও ইভিসি, বিজ

সম্পাদকঃ
**ইকবাল আহাম্মদ**
নির্বাহী পরিচালক, বিজ

নির্বাহী সম্পাদকঃ
**কাবেরী সুলতানা**
উপ-পরিচালক (রিসার্চ, ডকুমেন্টেশন এন্ড পাবলিকেশন), বিজ

সহকারী সম্পাদকঃ
**রাকিব হাসান**
অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার, বিজ

শিল্প নির্দেশনা ও গ্রাফিক্সঃ
**নূর ফাতিহা তাহিয়াত**
সিনিয়র ম্যানেজার (রিসার্চ), বিজ
**তাহমিনা আক্তার**
রিসার্চ অফিসার, বিজ



## সম্পাদকীয়

জীবনমান উন্নয়ন ও টেকসই বিশ্ব গড়তে কৃষি, স্বাস্থ্য, শিক্ষা ইত্যাদি বিষয়ে উন্নয়ন ভাবনা আবশ্যক। এই বিষয়গুলোকে মাথায় রেখে বিজ এর ত্রৈমাসিক মুখপত্র মাঠচিত্র সাজানো হয়। এ সংখ্যায় বিজ এর বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচী নিয়ে আলোচনা করা হয়েছে। এছাড়াও বাংলাদেশের দরিদ্র জনগোষ্ঠীর উন্নয়নে বিজ এর বেশ কিছু উদ্যোগের চিত্র তুলে ধরা হয়েছে। বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) প্রতিষ্ঠালগ্ন থেকে নানাবিধ কর্মসূচির মাধ্যমে দরিদ্র মানুষের আর্থসামাজিক উন্নয়নে কাজ করে আসছে। চার দশকের অভিযাত্রায় বিজ মানুষের জীবনমান উন্নয়ন, স্বাস্থ্য উন্নয়নে বদ্ধপরিকর, যা গ্রামীণ জনগোষ্ঠীর অর্থনৈতিক ক্ষমতায়নে গুরুত্বপূর্ন ভূমিকা পালন করছে। সমাজের দরিদ্র ও সুবিধা বঞ্চিত মানুষ এই সহায়তা নিয়ে তাদের জীবনে ইতিবাচক পরিবর্তন আনার জন্য চেষ্টা চালিয়ে যাচ্ছে। বিজ এর উন্নয়ন কর্মকান্ডের সেসব নিবন্ধ মাঠচিত্রের এ সংখ্যায় প্রকাশিত হল।


(প্রকাশিত প্রবন্ধ সমূহের মতামতের জন্য সম্পাদকবৃন্দ দায়ী নন।)

ইকবাল আহাম্মদ
**নির্বাহী পরিচালক, বিজ**

## ভিতরে যা যা থাকছে


- বিজ এর কর্ম এলাকা
- বিজ এর প্রশিক্ষণ চিত্র
- কৈশোর কর্মসূচির আওতায় উঠান বৈঠক অনুষ্ঠিত
- মধুপুর কিশোরী ক্লাবে উঠান বৈঠক অনুষ্ঠিত
- সমাজে সচেতনতার আলো ছড়াচ্ছে মা সমাবেশ
- বন্যার্তদের মাঝে ত্রাণসামগ্রী বিতরণ
- নিরাপদ পানি ব্যবস্থাপনা ক্যাম্পেইন অনুষ্ঠিত
- বিজ এর উদ্যোগে বন্যার্তদের জন্য বিনামূল্যে স্বাস্থ্যসেবা ক্যাম্প।
- বিজ এর নতুন অফিস উদ্বোধন
- বিজ কৃষি কর্মসূচির আওতায় ফলদ বৃক্ষের চারা বিতরন
- মাঠচিত্রের পরবর্তী সংখ্যার জন্য লেখা আহ্বান

# বিজ এর কর্ম এলাকা




BEES

# বিজ এর প্রশিক্ষণ চিত্র



বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) এর ঢাকায় অবস্থিত প্রশিক্ষণ কেন্দ্রে গত জুলাই ২০২৪ হতে সেপ্টেম্বর ২০২৪ পর্যন্ত যে সকল প্রশিক্ষণ ও প্রশিক্ষণ কর্মশালা সম্পন্ন হয়েছে তার একটি প্রতিবেদন প্রতিষ্ঠানের প্রশিক্ষণ বিভাগ থেকে প্রকাশ করা হয়েছে। BUSINESS MANAGEMENT & PROFIT নিশ্চিতকরণ বিষয়ক কর্মশালা প্রশিক্ষণ, কমপ্লায়েন্স কার্যক্রমের বিষয় ভিত্তিক কর্মশালা প্রশিক্ষণ, BUSINESS MANAGEMENT & PROFIT নিশ্চিতকরণের লক্ষ্যে অডিট কার্যপরিচালনা সংক্রান্ত কর্মশালা প্রশিক্ষণ এবং বুনিয়াদী প্রশিক্ষণ নামের এই প্রশিক্ষণগুলোতে বিজ এর বিভিন্ন পদের (কমপ্লায়েন্স অফিসার, ইন্টারনাল অডিটর, ব্রাঞ্চ ম্যানেজার, ফিল্ড অফিসার) মোট ২০৫ জন বিভিন্ন মেয়াদে অংশগ্রহন করেন।
বিজ-এর এই প্রশিক্ষণ কার্যক্রম প্রতিষ্ঠানটির বর্তমান মানবসম্পদকে দক্ষ মানবসম্পদে সম্পদে পরিনত করার লক্ষ্যে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। এসব প্রশিক্ষণ কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধির মাধ্যমে তাদের পেশাগত জীবনকে সমৃদ্ধ করতে সহায়তা করবে এবং প্রতিষ্ঠানটির সামগ্রিক কর্মক্ষমতা উন্নত করতে সহায়ক ভূমিকা পালন করবে।

**নিম্নে প্রশিক্ষণ চিত্র তুলে ধরা হলোঃ**

| ক্রমিক নং | কোর্সের নাম | তারিখ | পদবী | সংখ্যা |
|---|---|---|---|---|
| ১ | Business Management & Profit নিশ্চিতকরণ বিষয়ক কর্মশালা প্রশিক্ষণ | ০৭-০৭-২০২৪ হতে ১০-০৭-২০২৪ | ব্রাঞ্চ ম্যানেজার/ সিনিয়র ব্রাঞ্চ ম্যানেজার | ৪০ জন |
| ২ | Business Management & Profit নিশ্চিতকরণ বিষয়ক কর্মশালা প্রশিক্ষণ | ১৪-০৭-২০২৪ হতে ১৭-০৭-২০২৪ | ব্রাঞ্চ ম্যানেজার/ সিনিয়র ব্রাঞ্চ ম্যানেজার | ৪০ জন |
| ৩ | কমপ্লায়েন্স কার্যক্রমের বিষয় ভিত্তিক কর্মশালা প্রশিক্ষণ | ২১-০৮-২০২৪ হতে ২২-০৮-২০২৪ | কমপ্লায়েন্স অফিসার | ২৪ জন |
| ৪ | Business Management & Profit নিশ্চিতকরণের লক্ষ্যে অডিট কার্যপরিচালনা সংক্রান্ত কর্মশালা প্রশিক্ষণ | ০৮-০৯-২০২৪ হতে ১০-০৯-২০২৪ | ইন্টারনাল অডিটর | ২৪ জন |
| ৫ | বুনিয়াদী প্রশিক্ষণ | ১৫-০৯-২০২৪ হতে ১৯-০৯-২০২৪ | ফিল্ড অফিসার | ৪১ জন |
| ৬ | বুনিয়াদী প্রশিক্ষণ | ২২-০৯-২০২৪ হতে ২৬-০৯-২০২৪ | ফিল্ড অফিসার | ৩৬ জন |
| | | | মোট = | ২০৫ জন |

# কৈশোর কর্মসূচির আওতায় উঠান বৈঠক অনুষ্ঠিত

বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) এবং পল্লীকর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)-এর যৌথ অর্থায়নে পরিচালিত কৈশোর কর্মসূচির আওতায় গত ১৪ জুলাই ২০২৪ তারিখে গোপালগঞ্জ সদর উপজেলার লতিফপুর ইউনিয়নের চরমানিকদাহ কিশোরী ক্লাবে একটি উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

এ বৈঠকে ক্লাবের সদস্যদের মাঝে পরিস্কার-পরিচ্ছন্নতা,সামাজিক সচেতনতা, স্বাস্থ্য সচেতনতা এবং নেতৃত্ব বিকাশের ওপর গুরুত্বারোপ করা হয়। আলোচনার মাধ্যমে তাদের জীবনমান উন্নয়নে ব্যক্তিগত ও সামাজিক দায়িত্বশীলতা নিয়ে সচেতন করা হয়।এই উঠান বৈঠকে বিজ এর প্রতিনিধি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ মামুনুর রশিদ, উপজেলা প্রোগ্রাম অফিসার, কৈশোর কর্মসূচি, বিজ।





# মধুপুর কিশোরী ক্লাবে উঠান বৈঠক অনুষ্ঠিত



বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) এবং পল্লীকর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)-এর যৌথ অর্থায়নে পরিচালিত কৈশোর কর্মসূচির আওতায় ২৭ জুলাই ২০২৪ তারিখে গোপালগঞ্জ সদর উপজেলার উরফি ইউনিয়নের মধুপুর কিশোরী ক্লাবে একটি উঠান বৈঠক অনুষ্ঠিত হয়।উক্ত বৈঠকে ক্লাবের সদস্যদের মাঝে পাঠচক্র, ডেঙ্গু জ্বর প্রতিরোধ, স্বাস্থ্য পরিচর্যা, সামাজিক ও স্বাস্থ্য সচেতনতা, এবং নেতৃত্ব বিকাশের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করা হয়।

এই বৈঠকে ডেঙ্গু জ্বর প্রতিরোধে পরিচ্ছন্নতা রক্ষার গুরুত্ব এবং সঠিক পদ্ধতিতে মশা নিধনের কৌশল নিয়ে আলোকপাত করা হয়। এছাড়াও, স্বাস্থ্য পরিচর্যা এবং নেতৃত্বের গুণাবলী বিকাশের মাধ্যমে কিশোরীদের জীবনে ইতিবাচক পরিবর্তন আনার প্রয়োজনীয়তা তুলে ধরা হয়। অনুষ্ঠানে বিজ এর প্রতিনিধি হিসেবে জনাব মোঃ মামুনুর রশিদ, উপজেলা প্রোগ্রাম অফিসার, কৈশোর কর্মসূচি, বিজ ও মধুপুর কিশোরী ক্লাবের সদস্যরা অংশগ্রহণ করেন। উঠান বৈঠকটি কিশোরীদের মধ্যে সামাজিক ও স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে।

# সমাজে সচেতনতার আলো ছড়াচ্ছে মা সমাবেশ

মা-একটি শব্দ, যার সঙ্গে সম্পর্ক জড়িয়ে আছে ভালোবাসা, স্নেহ ও দায়িত্বের। কিন্তু অনেক ক্ষেত্রেই সমাজে মায়েদের ভূমিকা তাদের নিজস্ব দৃষ্টিভঙ্গি ও সীমাবদ্ধ জ্ঞান দ্বারা সীমাবদ্ধ থাকে। এ সীমাবদ্ধতাগুলো ভাঙতে এবং তাদের সামাজিক সচেতনতা বৃদ্ধি করতে গুরুত্বপূর্ণ একটি উদ্যোগ হলো মা সমাবেশ।

সম্প্রতি সুনামগঞ্জ জেলার বিজ পরিচালিত চন্দ্রপুর বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে গত ২১ সেপ্টেম্বর ২০২৪ তারিখে এক ব্যতিক্রমী মা সমাবেশ অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে ৫০-৬০ জন মা উপস্থিত ছিলেন। সমাবেশে সভাপতিত্ব করেন বিদ্যালয়ের ৫ম শ্রেণির ছাত্রী আছমা বেগমের মা জরিনা খাতুন। অনুষ্ঠানে উপস্থিত







ছিলেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক বিনতী সূত্রধর ও অন্যান্য সহকারী শিক্ষকবৃন্দ। মায়েদের শিক্ষিত ও সচেতন করার বিভিন্ন গুরুত্বপূর্ণ দিক নিয়ে সমাবেশে আলোচনা করা হয় । সভার মূল আলোচ্য বিষয়গুলো ছিলমা সমাবেশের গুরুত্ব, বাল্যবিবাহ প্রতিরোধ, জরায়ু ক্যান্সার প্রতিরোধে এইচপিভি টিকা এবং অন্যান্য সামাজিক সচেতনতা। বিদ্যালয়ের প্রধান শিক্ষক বিনতী সূত্রধর মা সমাবেশের গুরুত্ব তুলে ধরে বলেন, “মা সমাবেশ একটি কার্যকরী পদক্ষেপ, যা মায়েদের বছরে দুইবার একত্রিত করে সমাজের গুরুত্বপূর্ণ ইস্যু নিয়ে সচেতন করে তোলে।” তিনি উল্লেখ করেন, এ সমাবেশ কেবল মায়েদের সচেতন করে তোলার মাধ্যম নয়, বরং সমাজের বিভিন্ন সমস্যার সমাধানের দিকনির্দেশনাও দেয়।

বাল্যবিবাহ আমাদের সমাজের এক মারাত্মক ব্যাধি। সভায় এটি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিনতী সূত্রধর বলেন, “বাল্যবিবাহের কারণে কিশোরী মেয়েরা অকালেই তাদের জীবন হারাচ্ছে। এর মূল কারণ অভিভাবকদের এ বিষয়ে অজ্ঞতা। মা সমাবেশের মাধ্যমে এ সচেতনতা বৃদ্ধি পেলে মাতৃমৃত্যু হার কমিয়ে আনা সম্ভব।

বর্তমান বিশ্বে মহিলাদের মধ্যে জরায়ু ক্যানসার একটি ভয়াবহ মহামারি আকার ধারণ করেছে। সভায় এই বিষয়ে মায়েদের অবগত করা হয় এবং স্বাস্থ্য মন্ত্রণালয়ের উদ্যোগে ৫ম শ্রেণির ছাত্রীদের বিনামূল্যে এইচপিভি টিকা গ্রহণের প্রয়োজনীয়তার কথা বলা হয়। চন্দ্রপুর বিদ্যালয়ের ৫ম শ্রেণির ছাত্রীরা স্বাস্থ্য সহকারীদের মাধ্যমে টিকা গ্রহণ করে।

মা সমাবেশ কেবল মায়েদের একত্রিত করার একটি অনুষ্ঠান নয়, এটি সমাজের কুসংস্কার দূর করার এবং নতুন দৃষ্টিভঙ্গি তৈরি করার এক কার্যকরী মাধ্যম। বাল্যবিবাহ, ক্যানসার প্রতিরোধ ও বিভিন্ন সামাজিক ইস্যু নিয়ে সচেতনতা তৈরি করে এটি সমাজের প্রতিটি স্তরে ইতিবাচক প্রভাব ফেলছে।

মা সমাবেশের মাধ্যমে সমাজে যে আলোর সঞ্চার হচ্ছে, তা নিঃসন্দেহে আমাদের ভবিষ্যৎ প্রজন্মকে একটি সুস্থ ও সচেতন সমাজ উপহার দেবে। এ উদ্যোগকে আরও বিস্তৃত করা ও নিয়মিত আয়োজন করা উচিত, যাতে মায়েরা আরও বেশি সচেতন হন এবং তাদের মাধ্যমে সমাজে ইতিবাচক পরিবর্তন ঘটে।

# বন্যার্তদের মাঝে ত্রাণসামগ্রী বিতরণ




সাম্প্রতিক ভয়াবহ বন্যায় দেশের দক্ষিণ-পূর্বাঞ্চলের ক্ষতিগ্রস্ত এলাকাগুলিতে ত্রাণসামগ্রী বিতরণ করেছে বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ)। বন্যায় ক্ষতিগ্রস্ত ফেনী, কুমিল্লা, চট্টগ্রাম, নোয়াখালী, লক্ষ্মীপুর, মৌলভীবাজার, হবিগঞ্জ, সিলেট অঞ্চলের উপকারভোগীদের মাঝে বিভিন্ন জরুরি পণ্য সরবরাহ করা হয়েছে।ত্রাণসামগ্রীর মধ্যে ছিল চাল, ডাল, আলু, পেঁয়াজ, তেল, বিস্কুট, খেজুর, মুড়ি, গুড়, স্যালাইন, বিশুদ্ধ পানির বোতল, পানি বিশুদ্ধকরণ ট্যাবলেট, মোমবাতি ইত্যাদি। ত্রাণ বিতরণ কার্যক্রমের বিস্তারিত অঞ্চলভিত্তিক প্রতিবেদন নিচে দেওয়া হলো:

## ফেনী জোন: ১০৫৮ পরিবার

| পরশুরাম ব্রাঞ্চ | মুন্সীরহাট ব্রাঞ্চ | ছাগলনাইয়া ব্রাঞ্চ | ফেনী সদর ব্রাঞ্চ | সোনাগাজী ব্রাঞ্চ |
|---|---|---|---|---|
| ১০৮ পরিবার | ৯৫ পরিবার | ৯৫ পরিবার | ৩০ পরিবার | ১২০ পরিবার |

| দাগনভুঁইয়া ব্রাঞ্চ | সেনবাগ ব্রাঞ্চ | লেমুয়া ব্রাঞ্চ | আরামবাগ ব্রাঞ্চ | বক্সিরহাট ব্রাঞ্চ |
|---|---|---|---|---|
| ১২০ পরিবার | ১২০ পরিবার | ১২০ পরিবার | ১৩০ পরিবার | ১২০ পরিবার |

## নোয়াখালী জোনঃ ৮০০ পরিবার

| নোয়াখালী ব্রাঞ্চ | মাইজদী ব্রাঞ্চ | লক্ষ্মীপুর ব্রাঞ্চ | সোনাইমুড়ী ব্রাঞ্চ |
|---|---|---|---|
| ১৬৯ পরিবার | ৩১ পরিবার | ১০০ পরিবার | ১০০ পরিবার |

| চাটখিল ব্রাঞ্চ | রামগঞ্জ ব্রাঞ্চ | রায়পুর ব্রাঞ্চ | হায়দারগঞ্জ ব্রাঞ্চ |
|---|---|---|---|
| ১০০ পরিবার | ১০০ পরিবার | ১০০ পরিবার | ১০০ পরিবার |

## কুমিল্লা জোনঃ ৪৩০ পরিবার

| চৌদ্দগ্রাম ব্রাঞ্চ | লাকসাম ব্রাঞ্চ | নাঙ্গলকোর্ট ব্রাঞ্চ | বাঙ্গড্ডা ব্রাঞ্চ |
|---|---|---|---|
| ১৩৫ পরিবার | ১৩৫ পরিবার | ৮০ পরিবার | ৮০ পরিবার |

## সিলেট জোনঃ ২০০ পরিবার

| হবিগঞ্জ ব্রাঞ্চ | মৌলভীবাজার ব্রাঞ্চ |
|---|---|
| ১০০ পরিবার | ১০০ পরিবার |

## চট্রগ্রাম জোনঃ ১১৫ পরিবার

| ফটিকছড়ি ব্রাঞ্চ |
|---|
| ১১৫ পরিবার |





# নিরাপদ পানি ব্যবস্থাপনা ক্যাম্পেইন অনুষ্ঠিত

গাইবান্ধা জেলার পলাশবাড়ী উপজেলার ঢোলভাঙ্গা শাখার অধীনে ঠাকুরপাড়া গ্রামের মহিলা সমিতিতে ২৬ সেপ্টেম্বর ২০২৪ তারিখে নিরাপদ পানি ব্যবস্থাপনা বিষয়ে একটি ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়।

BD Rural wash for HCD প্রকল্পের আওতায় BCC ক্যাম্পেইনটি পরিচালনা করেন সিনিয়র জোনাল ম্যানেজার মোঃ আসাদুল ইসলাম। ক্যাম্পেইনে নিরাপদ পানি সরবরাহ ও ব্যবস্থাপনার আধুনিক কৌশল, পানি দূষণ রোধ এবং স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধির ওপর আলোচনা করা হয়। উক্ত ক্যাম্পেইনে স্থানীয় মহিলা সমিতির সদস্যরা অংশগ্রহণ করেন।

তাদের মধ্যে নিরাপদ পানি ব্যবস্থাপনার গুরুত্ব ও প্রয়োজনীয়তা নিয়ে সচেতনতা বৃদ্ধি করা হয়। এই কার্যক্রমটি এলাকাবাসীর মধ্যে স্বাস্থ্যঝুঁকি কমাতে এবং নিরাপদ পানি ব্যবহারে ইতিবাচক পরিবর্তন আনতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে আশা করা হচ্ছে।

# বন্যার্তদের জন্য বিনামূল্যে স্বাস্থ্যসেবা ক্যাম্প




পার্ট ১:
গত ৭ সেপ্টেম্বর ২০২৪ তারিখে ফেনী জেলার পরশুরাম পৌরসভার ৩নং ওয়ার্ডের অনন্তঃপুর জোৎসনা সরকারী প্রাথমিক বিদ্যালয়ে বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) এর উদ্যোগে বন্যার্তদের জন্য বিনামূল্যে স্বাস্থ্য সেবা ক্যাম্প পরিচালনা করা হয়। ক্যাম্পে আগত রোগীদের বন্যা পরবর্তী বিভিন্ন রোগের চিকিৎসা সেবা প্রদান করা হয়। উক্ত ক্যাম্পে বিনামূল্যে বিভিন্ন ধরনের স্বাস্থ্য পরীক্ষা সহ ৪২ প্রকার জরুরী ঔষধ বিতরন করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন বিজ এর ফেনী জোনের জোনাল ম্যানেজার প্রদীপ চন্দ্র দাস, স্বাস্থ্য কর্মসূচির সমন্বয়কারী মোস্তাফিজুর রহমান, নরসিংদী জোনের ম্যানেজার (স্বাস্থ্য) মোঃ আরিফুর রহমান, সাব জোনাল ম্যানেজার এনামুল কবির সহ পরশুরাম শাখার অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

পার্ট ২:
গত ৮ সেপ্টেম্বর ২০২৪ তারিখে ফেনী জেলার ছাগলনাইয়া উপজেলার শুভপুর ইউনিয়ন এর ৪ নং ওয়ার্ডে জাফর ইমাম উচ্চ বিদ্যালয়ে বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) এর উদ্যোগে বন্যার্তদের জন্য বিনামূল্যে স্বাস্থ্য সেবা ক্যাম্প পরিচালনা করা হয়। ক্যাম্পে আগত রোগীদের বন্যা পরবর্তী বিভিন্ন রোগের চিকিৎসা সেবা প্রদান করা হয়। উক্ত ক্যাম্পে বিনামূল্যে বিভিন্ন ধরনের স্বাস্থ্য পরীক্ষা সহ ৪২ প্রকার জরুরী ঔষধ বিতরন করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন বিজ এর ফেনী জোনের জোনাল ম্যানেজার প্রদীপ চন্দ্র দাস, স্বাস্থ্য কর্মসূচির সমন্বয়কারী মোস্তাফিজুর রহমান, নরসিংদী জোনের ম্যানেজার (স্বাস্থ্য) মোঃ আরিফুর রহমান, সিনিয়র কমপ্লায়েন্স অফিসার মামুনুর রশিদ সহ ছাগলনাইয়া শাখার অন্যান্য কর্মকর্তাবৃন্দ।



# বগুড়ার ধুনটে বিজ সমিতির নতুন অফিস উদ্বোধন

বগুড়া জেলার ধুনট উপজেলায় সুলতান হাটা গ্রামে একটি নতুন সমিতি অফিসের উদ্বোধন করা হয়েছে। ১৮ সেপ্টেম্বর ২০২৪ তারিখে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিজ-এর সহকারী পরিচালক (এফ এম) জনাব মোঃ মতিউর রহমান। তিনি অফিস পরিচালনা কমিটির সদস্যদের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে গুরুত্বপূর্ণ আলোচনা করেন।

অনুষ্ঠানে বিজ-এর কর্মকাণ্ড এবং সাফল্যের চিত্রও তুলে ধরা হয়। বিজ-এর সেপ্টেম্বর মাসের রিপোর্ট অনুযায়ী বর্তমানে সমিতির সংখ্যা ১৬,১৬২টি। যার মধ্যে জুলাই থেকে সেপ্টেম্বর ২০২৪ সময়কালে ২৮০টি নতুন সমিতি গঠন করা হয়েছে। বিজ -এর এই সমিতি ব্যবস্থাপনা দেশের অর্থনৈতিক উন্নয়ন এবং স্বনির্ভরতা অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। নতুন অফিসের উদ্বোধনের মাধ্যমে ধুনট অঞ্চলের আরও বেশি মানুষ উপকৃত হবে বলে আশা করা হচ্ছে।



# বিজ কৃষি কর্মসূচির আওতায় ফলদ বৃক্ষের চারা বিতরন



বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) এর কৃষি কর্মসূচির আওতায় গাইবান্ধা জেলার পলাশবাড়ী, ধাপেরহাট, গোবিন্দগঞ্জ, গাজীপুর জেলার সদর উপজেলার ভাওয়াল মির্জাপুর এবং নরসিংদী জেলার সদর উপজেলায় ৪৫০০ উপকারভোগীর মাঝে ৯০০০ ফলদ বৃক্ষের চারা বিতরণ করা হয়েছে।

বিতরণ কার্যক্রমে আম, লিচু, মাল্টা, পেয়ারা ও কাঁঠালসহ বিভিন্ন প্রজাতির চারা প্রদান করা হয়। এতে পারিবারিক পুষ্টি চাহিদা পূরণ এবং পরিবেশ ও জলবায়ুর ভারসাম্য রক্ষার গুরুত্ব তুলে ধরা হয়।

অনুষ্ঠানে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক ও উপজেলা কৃষি অফিসারগণ প্রধান অতিথি এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিজ-এর উপ-নির্বাহী পরিচালক, টিম লিডার, জোনাল ম্যানেজারসহ অন্যান্য কর্মকর্তারা উপস্থিত থেকে বিতরণ কার্যক্রম পরিচালনা করেন।

এ সময় উপকারভোগীদের গাছের সঠিক পরিচর্যা এবং বাড়ির আঙ্গিনায় বেশি বেশি গাছ লাগানোর পরামর্শ দেওয়া হয়। বিজ এর এই উদ্যোগ পরিবেশ সুরক্ষা এবং পুষ্টি চাহিদা পূরণে ইতিবাচক প্রভাব ফেলবে।

## কর্ম এলাকা অনুযায়ী উপকারভোগী ও ফলদ বৃক্ষের চারার সংখ্যা নিম্নে দেয়া হলোঃ-

| ক্রমিক নং | কর্ম এলাকার নাম | উপকারভোগীর সংখ্যা | ফলদ বৃক্ষের নাম ও চারার সংখ্যা | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | আম | লিচু | মাল্টা | পেয়ারা | কাঁঠাল | মোট |
| ১ | পলাশবাড়ী | ৯০০ জন | ৯০০ | ৯০০ | ০ | ০ | ০ | ১৮০০ |
| ২ | ধাপেরহাট | ৯০০ জন | ৯০০ | ৯০০ | ০ | ০ | ০ | ১৮০০ |
| ৩ | গোবিন্দগঞ্জ | ৯০০ জন | ৯০০ | ৪৫০ | ৪৫০ | ০ | ০ | ১৮০০ |
| ৪ | নরসিংদী সদর | ৯০০ জন | ৯০০ | ০ | ০ | ৫০০ | ৪০০ | ১৮০০ |
| ৫ | ভাওয়াল মির্জাপুর | ৯০০ জন | ০ | ৯০০ | ৯০০ | | | ১৮০০ |
| মোটঃ | | ৪৫০০ জন | ৩৬০০ | ৩১৫০ | ১৩৫০ | ৫০০ | ৪০০ | ৯০০০ |

# মাঠচিত্রের পরবর্তী সংখ্যার জন্য লেখা আহ্বান

বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) এর সকল কর্মকর্তার কাছ থেকে তথ্যসমৃদ্ধ সাম্প্রতিক খবরাদি, প্রাসঙ্গিক ছবি, কৃষি, স্বাস্থ্য, শিক্ষা, ঋণের সহায়তা, সাফল্যগাঁথা এবং উন্নয়ন ভাবনা বিষয়ক লেখা আহ্বান করা যাচ্ছে। আপনাদের লেখার মধ্য দিয়েই বিজ এর সফল কর্মকান্ড আমরা পাঠকদের কাছে উপস্থাপন করতে পারবো। এছাড়া সকল বিভাগীয় প্রধানদের সংশ্লিষ্ট বিভাগের সংবাদ ছবিসহ নিম্নোক্ত ঠিকানায় প্রেরণ করার জন্য অনুরোধ করা হল।

নির্বাহী সম্পাদক, মাঠচিত্র।
ইমেইলঃ researchdocumentation@beesbd.org
ফোনঃ +৮৮-০২-২২২২৮৯৭৩২-৩, +৮৮-০২-২২৬৬০১৫৩৫-৯




**বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ)**

বাড়ি # ৮/বি, রোড#২৯, গুলশান-১, ঢাকা, বাংলাদেশ.

টেলিফোন: +৮৮-০২-২২২২৮৯৭৩২-৩, +৮৮-০২-২২৬৬০১৫৩৫-৯

ই-মেইল: info@beesbd.org, beesbd@gmail.com, ওয়েবসাইট: beesbd.org